

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৪২৫৯

৩১/ পার্থিব ভোগবিলাসের প্রতি অনাসক্তি (کتاب الزهد) পরিচ্ছেদঃ ৩১/৩১. মৃত্যুকে স্মরণ এবং তার প্রস্তুতি

بَابِ ذِكْرِ الْمَوْتِ وَالِاسْتِعْدَادِ لَهُ

আরবী

حَدَّ ثَنَا الزُّبَيْرُ بْنُ بَكَّارٍ، حَدَّ ثَنَا أَنَسُ بْنُ عِيَاضٍ، حَدَّ ثَنَا نَافِعُ بْنُ عَبْدِ اللَّهِ، عَنْ فَرْوَةَ بْنِ قَيْسٍ، عَنْ عَطَاءِ بْنِ أَبِي رَبَاحٍ، عَنِ ابْنِ عُمَرَ، أَنَّهُ قَالَ: كُنْتُ مَعَ رَسُولِ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ فَجَاءَهُ رَجُلٌ مِنَ الأَنْصَارِ فَسَلَّمَ عَلَى النَّبِيِّ ـ صلى الله عليه وسلم ـ ثُمَّ قَالَ : يَا رَسُولَ اللَّهِ أَى الْمُؤْمِنِينَ أَفْضَلُ قَالَ: " أَحْسَنُهُمْ خُلُقًا " . قَالَ فَأَى الْمُؤْمِنِينَ أَفْضَلُ قَالَ : " أَحْسَنُهُمْ خُلُقًا " . قَالَ فَأَى الْمُؤْمِنِينَ أَكْيَسُ قَالَ : " أَحْسَنُهُمْ خُلُقًا " . قَالَ فَأَى المُؤْمِنِينَ أَكْيسُ قَالَ : " أَحْسَنُهُمْ لِمَا بَعْدَهُ اسْتِعْدَادًا أُولَئِكَ الأَكْيَاسُ " . قَالَ : " أَكْتُرُهُمْ لِلْمَوْتِ ذِكْرًا وَأَحْسَنُهُمْ لِمَا بَعْدَهُ اسْتِعْدَادًا أُولَئِكَ الأَكْيَاسُ " .

বাংলা

২/৪২৫৯। ইবনে উমার (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম -এর সাথে ছিলাম। এমতাবস্থায় এক আনসারী নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম -এর নিকট এসে তাকে সালাম দিলো। অতঃপর বললো, হে আল্লাহর রাসূল! মুমিনদের মধ্যে সর্বাপেক্ষা উত্তম কে? তিনি বলেনঃ স্বভাব-চরিত্রে তাদের মধ্যে যে ব্যক্তি অধিক উত্তম। সে পুনরায় জিজ্ঞেস কররো, মুমিনদের মধ্যে সর্বাপেক্ষা বুদ্ধিমান কে? তিনি বলেনঃ তাদের মধ্যে যারা মৃত্যুকে অধিক স্মরণ করে এবং মৃত্যু পরবর্তী জীবনের জন্য উত্তমরূপে প্রস্তুতি গ্রহণ করে, তারাই সর্বাধিক বুদ্ধিমান।

English

It was narrated that Ibn 'Umar said:

"I was with the Messenger of Allah (**) and a man from among the Ansar came to him and greeted the Prophet (**) with Salam. Then he said: 'O Messenger of Allah, which of the believers is best?' He said: 'He who has the best manners among them.' He said: 'Which of them is wisest?' He said: 'The one who remembers death the most and is best in preparing for it. Those are the wisest.'"



ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। সহীহাহ ১৩৮৪। তাহকীক আলবানীঃ হাসান। উক্ত হাদিসের রাবী ১. নাফি' বিন আবদুল্লাহ সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। ইমাম যাহাবী বলেন, তার পরিচয় সম্পর্কে কিছু জানা যায়না। (তাহযীবুল কামালঃ রাবী নং ৬৩৬২, ২৯/২৭৯ নং পৃষ্ঠা) ২. ফারওয়াহ বিন কায়স সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। (তাহযীবুল কামালঃ রাবী নং ৪৭১৮, ২৩/১৭২ নং পৃষ্ঠা)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন